# মন্ত্রিপরিষদ বিভাগের মে ২০২৫ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: মে ২০২৫ প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১৭ জুন ২০২৫

**(১) প্রশাসনিক:**

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ |
|---|---|---|---|
| মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ** | ৪১৭ | ২৮২ | ১৩৫ |
| অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন** | ২,০৯৮ | ১,১১৮ | ৯৮০ |
| **মোট** | ২,৫১৫ | ১,৪০০ | ১,১১৫ |

ক. ২ শূন্যপদের বিন্যাস

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা | অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| **মন্ত্রিপরিষদ বিভাগ** | ১ | - | ৪১ | ১৬ | ৪৮ | ২৯ | ১৩৫ |
| **দুর্নীতি দমন কমিশন** | - | - | ২৮০ | ২১১ | ২৮৬ | ২০৩ | ৯৮০ |
| **মোট** | ১ | - | ৩২১ | ২২৭ | ৩৩৪ | ২৩২ | ১,১১৫ |

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা | মার্চ মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| **মন্ত্রিপরিষদ বিভাগ** | - | - | - | - | - | - | - |
| **দুর্নীতি দমন কমিশন** | - | - | - | - | - | - | - |

ক. ৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

| **মন্ত্রিপরিষদ বিভাগ** | মন্ত্রিপরিষদ সচিব | | মন্তব্য |
|---|---|---|---|
| | দেশে | বিদেশে | |
| ভ্রমণ/পরিদর্শন | ৩ দিন | | ১০-১২ মে ২০২৫ মেয়াদে কক্সবাজার জেলা সফর করেন। |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | - | - | |
| **দুর্নীতি দমন কমিশন** | সচিব | | মন্তব্য |
| | দেশে | বিদেশে | |
| ভ্রমণ/পরিদর্শন | ২ দিন | - | ১৯-২০ মে ২০২৫ মেয়াদে দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয় রাজশাহী ও সমন্বিত জেলা কার্যালয়, রাজশাহী পরিদর্শন করেন। |

খ. ২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

**(২) আইন-শৃঙ্খলা বিষয়ক:** প্রযোজ্য নয়।

**(৩) অর্থনৈতিক :** প্রযোজ্য নয়।

**(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:**

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্যসমূহ:

| প্রকল্পের নাম | বর্তমান অর্থবছরে এডিপিতে বরাদ্দ (লক্ষ টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|
| 1. Support to the Central Management Committee's (CMC) Policy Guidance on Child Component of the NSSS (1st revised) | ১৭৭ | ৫৭.৪৯ (৩২.৪৮ শতাংশ) | - |
| 2. Social Security Policy Support Programme (2nd revised) | ১,৯৯৮ | ১,৬৩৬.২৫ (৮১.৮৯ শতাংশ) | - |
| 3. Technical Support for CRVS System Improvement in Bangladesh (Phase-V) | ২০৩ | ৯০.৪৯ (৪৪.৫৮ শতাংশ) | - |
| মোট | ২,৩৭৮ | ১,৮৯৬.৭৪ (৭৯.৭৬ শতাংশ) | - |

**খ. প্রকল্পের অবস্থা বিষয়ক তথ্য:**

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| | - | - | - |

**গ. প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা:**

**(৫) উৎপাদন বিষয়ক :** প্রযোজ্য নয়।

**(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান:** প্রযোজ্য নয়।

**(৭) অডিট আপত্তি:**

ক.অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

| মন্ত্রণালয়/ সংস্থা | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | ৩৩টি | ১৫.৯৮ | - | - | ৩৩টি | মন্ত্রিপরিষদ বিভাগে মোট ৩৩টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের ১৯টি এবং বিলুপ্ত বিভাগ উন্নয়ন বোর্ডের ১৪টি। অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে। |
| দুর্নীতি দমন কমিশন | ২৫টি | ২০৯.৪৩ | ২টি | ৩টি | ২২টি | - |
| মোট | ৫৮টি | ২২৫.৪১ | ২টি | ৩টি | ৫৫টি | - |

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

| মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহ | পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (মে মাসের ১ তারিখে) | মে মাসে শুরু হওয়া মামলার সংখ্যা | মে মাসে নিষ্পন্ন মামলার সংখ্যা | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমান অর্থবছরে মোট নিষ্পন্ন মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | চাকরিচ্যুতি/ বরখাস্ত | অন্যান্য দণ্ড | অব্যাহতি | | |
| মন্ত্রিপরিষদ বিভাগ | ১ | - | - | - | - | ১ | - |
| দুর্নীতি দমন কমিশন | ১৮ | - | - | ২ | - | ১৬ | ৬ |
| মোট | ১৯ | - | - | ২ | - | ১৭ | ৬ |

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

| মন্ত্রণালয়/ সংস্থা | ক্রম | প্রশিক্ষণ কর্মসূচি | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সি | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | ১. | 'Statistical Modeling with R (Batch-2)' শীর্ষক প্রশিক্ষণ | ১৯ এপ্রিল - ১৮ মে ২০২৫ | অর্থ বিভাগ | ১ জন |
| | ২. | 'Seminar on Bangladesh Development Assistance Management and Negotiation Skills' শীর্ষক প্রশিক্ষণ | ১৬-২৯ মে ২০২৫ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ১ জন |
| দুর্নীতি দমন কমিশন | ১. | দাপ্তরিক শৃঙ্খলা ও শিষ্টাচার বিষয়ক প্রশিক্ষণ | ২৪-২৬ মে ২০২৫ | দুর্নীতি দমন কমিশনের তথ্যপ্রযুক্তি উন্নয়নসহ প্রতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প | ৫০ জন |
| | ২. | Trainining on Basic Computer Operation and Record Mangement | ১৩-১৫, ১৭-২২ ও ২৬-২৮ মে ২০২৫ | দুর্নীতি দমন কমিশনের তথ্যপ্রযুক্তি উন্নয়নসহ প্রতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প | ৮০ |
| | ৩. | ফোকাল পয়েন্ট কর্মকর্তাসহ অন্যান্যদের Automation Software প্রশিক্ষণ | ১২,২৪ ও ২৫ মে ২০২৫ | দুর্নীতি দমন কমিশনের তথ্যপ্রযুক্তি উন্নয়নসহ প্রতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প | ৪৪ |
| | ৪. | পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ বিষয়ক প্রশিক্ষণ | ১২-২৮ মে ২০২৫ | দুর্নীতি দমন কমিশন | ৩০ জন |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ৫. | অনুসন্ধান ও তদন্ত সম্পর্কিত কার্যক্রম, আইন ও বিধানাবলি সংক্রান্ত বিশেষ প্রশিক্ষণ | ১৮-২২ মে ২০২৫ | দুর্নীতি দমন কমিশন | ৩০ জন |
| | ৬. | Training on Stress Management প্রশিক্ষণ | ২৫, ২৬, ২৭ এবং ২৮ মে ২০২৫ | দুর্নীতি দমন কমিশনের তথ্যপ্রযুক্তি উন্নয়নসহ প্রতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প | ১২০ |
| | ৭. | গাড়ীচালকদের দাপ্তরিক শৃঙ্খলা, শিষ্টাচার ও ট্রাফিক আইন প্রতিপালন সংক্রান্ত প্রশিক্ষণ | ২১, ২২ এবং ২৯ মে ২০২৫ | দুর্নীতি দমন কমিশনের তথ্যপ্রযুক্তি উন্নয়নসহ প্রতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প | ৮০ জন |

**খ. ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা:**

মন্ত্রিপরিষদ বিভাগে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ২০২৪-২৫ অর্থবছরের অভ্যন্তরীণ প্রশিক্ষণ (বাৎসরিক ৬০ ঘন্টা) সম্পন্ন হয়েছে।

**গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।**

**ঘ. মন্ত্রণালয়ে অন-দ্যা-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন-দ্যা-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: নেই।**

**ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা:** ১ জন

**(১০) উল্লেখযোগ্য সমস্যা-সংকট: নেই।**

**ক.প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই**

**খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:**

(১) প্রতিবেদনাধীন মাসে উপদেষ্টা পরিষদ-বৈঠক পাঁচটি, সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির চারটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির দুইটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির দুইটি সভা অনুষ্ঠিত হয়েছে।

(২) উপদেষ্টা পরিষদ-বৈঠকে ৩৪টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে, ১০টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে, ২৪টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে। প্রতিবেদনাধীন মাসে ১০টি আন্তঃমন্ত্রণালয় পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভায় ৫০টি প্রস্তাব ডি-নথিতে উপস্থাপনপূর্বক সিদ্ধান্ত গৃহীত হয়েছে। অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভায় ৯টি প্রস্তাব ডি-নথিতে উপস্থাপনপূর্বক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

(৪) ১৩ মে ২০২৫ তারিখে 'আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটি'র সভা অনুষ্ঠিত হয়েছে।

(৫) মে ২০২৫ মাসে 'জীন ব্যাংকের স্থাপনার যথোপযুক্ত ব্যবহারের লক্ষ্যে সুপারিশ প্রদান কমিটি', 'কোরবানি সম্পর্কিত বিষয়াদির সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণ কমিটি', 'জাতীয় পল্লী উন্নয়ন কাউন্সিল', জাতীয় পল্লী উন্নয়ন

স্টিয়ারিং কমিটি এবং 'প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি' গঠনপূর্বক প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

(৬) সরকারের উপদেষ্টা/মন্ত্রী, প্রতিমন্ত্রী এবং উপমন্ত্রীগণের ভ্রমণ ব্যয় খাতে অর্থ বরাদ্দ/অগ্রিম অর্থ বরাদ্দ প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে অনুসরণীয় বিষয়াবলি সংক্রান্ত একটি পরিপত্র জারি করা হয়েছে।

(৭) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত আইনের খসড়াসমূহের ভাষাগত উৎকর্ষ সাধন, বিষয়গত যথার্থতা এবং সংশ্লিষ্ট অপরাপর আইনের সঙ্গে সামঞ্জস্য ও সঙ্গতি বিধানের লক্ষ্যে অতিরিক্ত সচিব (আইন)-এর সভাপতিত্বে 'আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি'র ৮টি সভা অনুষ্ঠিত হয়েছে।

(৮) মে ২০২৫ মাসে মাঠ প্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে ২১টি অভিযোগ পাওয়া গেছে। উক্ত অভিযোগসমূহের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(৯) মে ২০২৫ মাসে মাঠ প্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে ৬টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। (ক) নিষ্পত্তিকৃত অভিযোগসমূহের মধ্যে ৬টি অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় নথিজাতপূর্বক নিষ্পত্তি করে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।

(১০) কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত এপ্রিল দ্বিতীয় ও মে প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধান উপদেষ্টা সমীপে উপস্থাপন করা হয়েছে।

(১১) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, দিনাজপুরের কার্যালয়ে সংঘটিত অগ্নিকাণ্ডের কারণ অনুসন্ধান ও দুর্ঘটনা প্রতিরোধে করণীয় বিষয়ে সুপারিশের জন্য গঠিত কমিটির সরেজমিন তদন্ত প্রতিবেদনের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।

(১২) সিরাজগঞ্জ জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর/গুরুতর ঘটনা সংশ্লিষ্ট প্রতিবেদনের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে জননিরাপত্তা বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৩) জেলা ম্যাজিস্ট্রেট, ঝিনাইদহ কর্তৃক ঝিনাইদহ জেলা কারাগার পরিদর্শন প্রতিবেদনে প্রদত্ত সুপারিশের আলোকে ব্যবস্থা গ্রহণের জন্য সুরক্ষা সেবা বিভাগ এবং স্বাস্থ্য সেবা বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৪) চামড়া শিল্পখাত উন্নয়নে সুপারিশ প্রদান ও কর্মপরিকল্পনা প্রণয়ন টাস্কফোর্সের অষ্টম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে সকল জেলা প্রশাসককে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৫) কুরবানিকৃত পশুর বর্জ্যের সুষ্ঠু ও পরিবেশসম্মত ব্যবস্থাপনা বিষয়ে স্থানীয় সরকার বিভাগ, সকল কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৬) প্লাস্টিক দূষণ রোধে ঈদ যাত্রায় লঞ্চ/ফেরিসমূহে পলিথিন ব্যাগসহ সিঙ্গেল ইউজ প্লাস্টিক ব্যবহার বন্ধে নির্দেশনা প্রদান করে সংশ্লিষ্ট জেলা প্রশাসককে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৭) কর্ণফুলী টানেলে যানবাহন চলাচল বৃদ্ধির লক্ষ্যে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা কর্তৃক নির্দেশিত কাজসমূহ বাস্তবায়ন প্রসঙ্গে সংশ্লিষ্ট জেলা প্রশাসককে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৮) ডেঙ্গু প্রাদুর্ভাব প্রতিরোধে আশু করণীয় নির্ধারণে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৯) জাতীয় পর্যায়ে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৪তম জন্মবার্ষিকী ২০২৫ এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৬তম জন্মবার্ষিকী ২০২৫ উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় কমিটির প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্ত বাস্তবায়নে সকল কমিশনার এবং জেলা প্রশাসককে পত্র প্রেরণ করা হয়েছে।

(২০) বিশ্ব পরিবেশ দিবস ও পরিবেশ মেলা ২০২৫ এবং জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষ মেলা, ২০২৫ উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নে সকল কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়ছে।

(২১) জেলাপ্রশাসক সম্মেলন ২০২৫-এর সিদ্ধান্ত এবং জেলাপ্রশাসক সম্মেলন ২০১৯-২৪-এর গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত কর্মশালার কার্যবিবরণী প্রস্তুতপূর্বক স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগ/কার্যালয়/কমিশনে প্রেরণ করা হয়েছে।

(২২) বালুমহাল সংক্রান্ত ভার্চুয়াল সভার সিদ্ধান্ত সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে প্রেরণ করা হয়েছে।

(২৩) বিভিন্ন মামলায় ১২ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে অভিযোগপত্র (চার্জশিট) দাখিল এবং ৭ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগ অনুসন্ধানে প্রমাণিত না হওয়ায় দুর্নীতি দমন কমিশন কর্তৃক পরিসমাপ্তি করা হয়েছে মর্মে বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ করা হয়। এর পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ হতে মে ২০২৫ মাসে উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ করা হয়েছে।

(২৪) বিভিন্ন আইনে বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত ২৯ জন কর্মকর্তার অনুকূলে মোবাইল কোর্ট আইন, ২০০৯-এর ৫ ধারা অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা অর্পণের সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

(২৫) দুর্নীতি দমন কমিশনের মাননীয় কমিশনার অনুসন্ধানের একান্ত সচিব এবং দুইজন উপপরিচালককে প্রেষণে যোগদানের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

(২৬) ফৌজদারি কার্যবিধি ১৮৯৮-এর আওতায় ২০২২ সাল পর্যন্ত দায়েরকৃত অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতে এবং এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতে দীর্ঘমেয়াদি অনিষ্পন্ন মামলার তথ্য পর্যালোচনা ও পরিবীক্ষণ করা হয়।

(২৭) ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন, ২০২৩-এ দায়েরকৃত ও নিষ্পত্তিকৃত মামলার তথ্য প্রেরণের জন্য কমিশনার ও জেলা প্রশাসকগণকে পত্র প্রেরণ করা হয়েছে।

(২৮) ১৪, ১৫, ১৭ ও ২২ মে ২০২৫ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের সভাপতিত্বে দিনব্যাপী 'জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল' শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

(২৯) ২৪ ও ২৫ মে ২০২৫ তারিখে জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জে ও রাজশাহীতে 'জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল ও শিশুকেন্দ্রিক সামাজিক নিরাপত্তা' সংক্রান্ত কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

(৩০) 'Technical Support for CRVS System in Improvement in Bangladesh (Phase-V)' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের Project Implementation Committee-এর প্রথম সভা ৫ মে ২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়েছে।

(৩১) ১৭ ও ১৮ মে ২০২৫ তারিখে সুনামগঞ্জ এবং হবিগঞ্জ জেলায় জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম ত্বরান্বিত করার নিমিত্ত সিআরভিএস বাস্তবায়ন সংক্রান্ত কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

(৩২) মন্ত্রিপরিষদ বিভাগের উদ্যোগে ২০২৪-২৫ অর্থবছরে 'অভিযোগ প্রতিকার ব্যবস্থা' ও জিআরএস সফ্টওয়্যার বিষয়ে ধারণা প্রদানের লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও টেকনিক্যাল কর্মকর্তাদের নিয়ে প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে।

(৩৩) নারী বিষয়ক সংস্কার কমিশনের মেয়াদ বৃদ্ধি করে প্রজ্ঞাপন প্রকাশ করা হয়েছে এবং প্রজ্ঞাপনের কপি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

(৩৪) ৬টি সংস্কার কমিশনের কার্যক্রম সম্পন্ন করা হয়েছে এবং ধন্যবাদ জ্ঞাপন সংক্রান্ত প্রজ্ঞাপন প্রকাশ করে এর কপি লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন ও বিচার বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং দুর্নীতি দমন কমিশন সংস্কার কমিশনে প্রেরণ করা হয়েছে।

(৩৫) সংস্কার কমিশনসমূহের কমিশন প্রধান এবং সদস্যগণের অবৈতনিক ও স্বেচ্ছাশ্রমেরভিত্তিতে দায়িত্বপালন সংক্রান্ত প্রজ্ঞাপন প্রকাশ এবং প্রজ্ঞাপনের কপি জনপ্রশাসন মন্ত্রণালয়, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং দুর্নীতি দমন কমিশন সংস্কার কমিশনে প্রেরণ করা হয়েছে।

(৩৬) ২০২৪-২৫ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগের চলমান প্রকল্পসমূহের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং চলমান প্রকল্প সংক্রান্ত তথ্য বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে প্রেরণ করা হয়েছে।

## গ. আগামী (জুন-জুলাই ২০২৫) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) উপদেষ্টা পরিষদ-বৈঠক, জাতীয় পুরস্কার সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি, নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটি, সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি এবং আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটি'র সভা আয়োজন।

(২) উপদেষ্টা পরিষদ-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনার জন্য ১০টি আন্তঃমন্ত্রণালয় সভা আয়োজন।

(৩) নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা আয়োজন।

(৪) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ২০৬তম সভা আয়োজন।

২৭.৬.২০২৫
ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব